গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
মানব সম্পদ উন্নয়ন শাখা
www.dls.gov.bd

৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৭ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.১১০.৫৩.০১৫.২২.৭৪

বিষয়: **এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড কে যুক্তরাষ্ট্র থেকে ১০০% হলষ্টিয়ান ফ্রিজিয়ান (Pure HF) জাতের ০৫ টি ষাঁড় আমদানির অনুমতি প্রদান সংক্রান্ত।**

সূত্র: ১। এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর ১৭/১২/২০২৩ খ্রি.তারিখের পত্র।
২। National Technical Regulatory Committee (NTRC) এর ৩১/০১/২০২৩ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত নং- ১৩.৪.১৯।
৩। পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকার পত্র নং- ১৯১ তারিখ: ০৯/০২/২০২৩ খ্রি.
৪। বিজনেজ ডাইরেক্টর, এসিআই এনিমেল জেনেটিক্স, এসিআই লিমিটেড এর ০৪/০১/২০২৩ খ্রি.তারিখের আবেদন পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে National Technical Regulatory Committee (NTRC) এর ৩১/০১/২০২৩ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত (সিদ্ধান্ত নং- ১৩.৪.১৯) অনুযায়ী আমদানী নীতি আদেশ ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ২৫ (২৯), পশুরোগ আইন-২০০৫ এর সংশ্লিষ্ট ধারা, পশুরোগ বিধিমালা ২০০৮ এর সংশ্লিষ্ট বিধি এবং পশু ও পশুজাত পণ্যের সংগনিরোধ আইন-২০০৫ অনুসরণপূর্বক এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড-কে গবাদিপ্রাণীর জাত উন্নয়নের জন্য নিজস্ব কৃত্রিম প্রজনন কেন্দ্রে ব্যবহারের উদ্দেশ্যে ১০০% হলেস্টেইন ফ্রিজিয়ান জাতের নিম্নে বর্ণিত ৬টি (ছয়) ষাঁড় হতে যে কোনো ০৫টি (পাঁচ) ষাঁড় নিম্নোক্ত শর্তসাপেক্ষে যুক্তরাষ্ট্রে থেকে আমদানির অনুমতি প্রদান করা হলো:

**Details of the Holstein Bulls**

| SL No: | Bull ID/ Ear/ Tag No: | Date of Birth | Name of Bull | Sire | Dam | GTPI |
|---|---|---|---|---|---|---|
| 01 | 328 | 04/25/2023 | Trent-Way Reward 328-ET | Trent-Way Reward Red-ET | Trent-Way Eassy-ET | 2889 |
| 02 | 327 | 04/23/2023 | Trent-Way Zoar 327-ET | Claynook Zoar-ET | Morningview Altuve 6683-ET | 2901 |
| 03 | 307 | 01/19/2023 | Trent-Way Pazzle 307-ET | Stemers RZ Pazzle 34954-ET | Trent-Way Runway-Red-ET | 2884 |
| 04 | 315 | 03/15/2023 | Trent-Way Chew-P 315-ET | Penn-England Chew-P-ET | Trent-Way Read-ET | 2926 |
| 05 | 316 | 03/16/2023 | Trent-Way Pazzle 316-ET | Stemers RZ Pazzle 34954-ET | Morningview S Paisle-Red-ET | 2935 |
| 06 | 318 | 03/18/2023 | Trent-Way Hayk 318-ET | Welcome-Tel Taos Hayk-ET | Trent-Way Resbit-ET | 2926 |

**শর্তাবলী:**

০১। পশুরোগ আইন-২০০৫ ও বিধি-২০০৮ অনুসরণপূর্বক আমদানিতব্য ০৫টি ১০০% হলেস্টেইন ফ্রিজিয়ান জাতের ষাঁড় শুধুমাত্রএডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর উচ্চ মানসম্পন্ন সিমেন উৎপাদন, তাদের নিজস্ব বুল/ষাঁড় ষ্টেশনের জন্য সংকরজাত বুল/ষাঁড় উৎপাদন ও সংগ্রহ এবং নিজস্ব কর্ম এলাকায় কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচলনার কাজে ব্যবহার করতে হবে।

০২। WOAH Guide Line এবং বাংলাদেশ Animal Disease Act-2005 অনুযায়ী আমদানীতব্য প্রজনন ষাঁড় Tuberculosis, Brucellosis, Leptospirosis, BVD (Bovine Viral Diarrhoea) FMD (Foot and Mouth Disease virus), Aspergillosis সহ WOAH তালিকাভুক্ত অন্যান্য সকল Disease এবং যে কোন Abnormalities মুক্তমর্মে রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত প্রতিটি ষাড়ঁ এর Health Certificate আমদানীকালীন সময়ে কোয়ারেন্টাইন ষ্টেশনে দাখিল করতে হবে।

০৩। রপ্তানিকারক দেশ Bovine Spongiform Encephalopathy (BSE) মুক্ত মর্মে উক্ত দেশের উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র থাকতে হবে।

০৪। আমদানিতব্য প্রজনন ষাড়ঁ বাছুর গুলো ক্ষতিকারক Ecto and Endoparasites মুক্ত হতে হবে।

০৫। দাখিলকৃত তথ্যাদির আলোকে যে সকল ষাঁড় আমদানী করা হবে তার পূর্বের কমপক্ষে ০২ জেনারেশনের Pedigree Information/Performance Record (সংশ্লিষ্ট দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত) আমদানির পূর্বে প্রাণিসম্পদ অধিদপ্তর হতে অনুমোদন করিয়ে নিতে হবে।

০৭। সরবরাহকৃত তথ্যাদির আলোকে যে সকল ষাঁড় আমদানি করা হবে তার Ear Tag/ID I Pedigree তে উল্লিখিত তথ্য Herd Book নম্বরের সাথে মিল থাকতে হবে।

০৮। আমদানিতব্য ষাঁড় এর Ear Tag/ ID I Pedigree তে উল্লিখিত আইডি নম্বর কোয়ারেন্টাইনের সময় কোয়ারেন্টাইন কর্তৃপক্ষের নিকট নিশ্চিত করতে হবে।

০৯। Shipment এর পূর্বে ষাঁড় গুলো রোগমুক্ত মর্মে রপ্তানিকারক দেশের কোয়ারেন্টাইন সার্টিফিকেট দাখিল করতে হবে এবং আমদানিতব্য ষাঁড় আমদানির পর মালিক পক্ষের খরচে ও তত্বাবধানে বাংলাদেশের প্রচলিত পশু ও পশুজাত পণ্যের সংগনিরোধ আইন-২০০৫ এর ধারা ৬ অনুযায়ী কোয়ারেন্টাইন কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং কোয়ারেন্টাইন কার্যক্রম সম্পাদনের পর স্থানীয় সরকারী ভেটেরিনারিয়ান কর্তৃক রোগমুক্ত সনদ অধিদপ্তরে দাখিল করতে হবে। যদি কোয়ারেন্টাইনের সময় কোন ষাঁড় রোগাক্রান্ত বলে সনাক্ত হয়, তবে মালিক পক্ষ/আমদানিকারক নিজ খরচে কোয়ারেন্টাইন আইনের ধারা ১০ অনুযায়ী ব্যবস্থা নিবেন।

১০। পরিবেশ দূষণ প্রশমনে খামারে বিজ্ঞানভিত্তিক বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম গ্রহণ করতে হবে।

১১। ফার্মের Bio-Security নিশ্চিত করতে হবে।

১২। আমদানী সংক্রান্ত সকল বিধিবিধান অনুসরণ করতে হবে।

১৩। খামার সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সরেজমিনে খামার পরিদর্শন করে একটি প্রতিবেদন প্রাণিসম্পদ অধিদপ্তরে দাখিল করবেন।

১৪। খামার সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এ বিষয়ে ফোকাল পয়েন্ট/কন্টাক্ট পার্সন হিসাবে কাজ করবেন। তিনি প্রতিমাসে খামার পরিদর্শন করে খামারের সার্বিক বিষয়ে একটি প্রতিবেদন অধিদপ্তরে দাখিল করবেন এবং একাজে খামার কর্তৃপক্ষ সার্বিক সহযোগীতা করবেন।

১৫। উপরোক্ত কোন শর্ত ভঙ্গ করলে, ভবিষ্যতে কোন আবেদন বিবেচনার অযোগ্য বলে বিবেচিত হবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে।

১৬। এ আদেশের মেয়াদ ইস্যুর তারিখ থেকে ০৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে।

১৭। কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন সময় এ আদেশ স্থগিত/বাতিল করার পূর্ণক্ষমতা সংরক্ষণ করেন।

১৭-০১-২০২৪
ডাঃ মোঃ মাহবুবুল আলম ভূঞা
উপপরিচালক

এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ২৪৫ তেজগাওঁ, ঢাকা-১২০৮।।

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.১১০.৫৩.০১৫.২২.৭৪/১(৭)

তারিখ: ৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, কৃত্রিম প্রজনন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;

২। কমিশনার কাস্টমস হাউস, হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকা;

৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঢাকা;

৪। উপজেলা/থানা প্রাণিসম্পদ কর্মকর্তা, ..............................................;

৫। অফিসার ইনচার্জ, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

৬। অফিসার-ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন ষ্টেশন, হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকা এবং

৭। অফিস কপি, ।

১৭-০১-২০২৪
ডাঃ মোঃ মাহবুবুল আলম ভূঞা
উপপরিচালক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সংশ্লিষ্ট সংযুক্তি